

বিভাগীয় হিসাব Departmental Accounts



ভূমিকা

Introduction

প্রতিযোগিতামূলক বিশ্বে প্রত্যেক ব্যবসায় প্রতিষ্ঠানই অধিক সংখ্যক ক্রেতাকে তার ব্যবসায়ের দিকে আকৃষ্ট করতে চায়। ভোক্তাদের চাহিদা পূরণ করে ব্যবসায়ের মুনাফা বৃদ্ধি করাই তাদের লক্ষ্য। অপর পক্ষে, ভোক্তারাও সর্বোত্তম সেবা পাওয়ার আশায়, সময় বাঁচানোর লক্ষ্যে, যে ধরনের ব্যবসায় প্রতিষ্ঠানে গিয়ে তার চাহিদার সর্বোচ্চটুকু পূরণ করতে পারে, এমন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠানের দিকে বেশি আকৃষ্ট হয়। এ বাস্তবতার আলোকে বড় ব্যবসায় প্রতিষ্ঠানগুলো একই ছাদের নিচে বহু পণ্যের পসরা সাজিয়ে রাখে। পণ্যের ধরন অনুযায়ী পৃথক পৃথক বিভাগে ভাগ করে ক্রেতাদের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জনে চেষ্টা করে। বর্তমানে ক্রেতাগণ বিলাসী পণ্য কিংবা নিত্য প্রয়োজনীয় পণ্য বিভিন্ন দোকানে না ঘুরে একই ছাদের নিচে বিভাগীয় বিপনি বিতান থেকে ক্রয় করতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করে। ব্যবসায় প্রতিষ্ঠানগুলোও তাদের ব্যবসায় বাণিজ্য এক জাতীয় পণ্যের মধ্যে সীমাবদ্ধ না রেখে নানা ধরনের পণ্য বিভাগীয় বিপনি কেন্দ্রে সাজিয়ে রাখে। ফলে ক্রেতা সন্তুষ্টি অর্জনের মাধ্যমে ব্যবসায়ের কলেবর ও মুনাফা বৃদ্ধি পায়।



ইউনিট সমাপ্তির সময়

ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ১ সপ্তাহ

এ ইউনিটের পাঠসমূহ

- পাঠ ৭.১ : বিভাগীয় হিসাবের সংজ্ঞা ও বৈশিষ্ট্য
- পাঠ ৭.২ : বিভাগীয় হিসাবের সুবিধা ও অসুবিধা
- পাঠ ৭.৩ : বিভাগীয় প্রতিষ্ঠান ও শাখা প্রতিষ্ঠানের মধ্যে পার্থক্য
- পাঠ ৭.৪ : শাখা হিসাব এবং বিভাগীয় হিসাবের মধ্যে পার্থক্য
- পাঠ ৭.৫ : বিভিন্ন বিভাগের মধ্যে আয় ও ব্যয় বন্টনের ভিত্তি
- পাঠ ৭.৬ : গাণিতিক সমস্যা ও সমাধান।



মূখ্য শব্দ

বিভাগ, বিভাগীয় হিসাব, বিভাগীয় আয়, বিভাগীয় ব্যয়, আয় বন্টন, ব্যয় বন্টন, বন্টন অযোগ্য খরচ।

পাঠ-৭.১

বিভাগীয় হিসাবের সংজ্ঞা ও বৈশিষ্ট্য

Definition and Features of Departmental Accounts



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- বিভাগীয় হিসাব কী তা বলতে পারবেন।
- বিভাগীয় হিসাবের বৈশিষ্ট্য সম্পর্কে বলতে পারবেন।



বিভাগীয় হিসাবের সংজ্ঞা

Definition of departmental accounts

যখন একটি ব্যবসায় প্রতিষ্ঠানকে বিভিন্ন বিভাগে বিভক্ত করে পরিচালনা করা হয়, তখন প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের দক্ষতা যাচাই করাও সহজ হয়। পৃথক ভাবে বিভিন্ন বিভাগের ব্যয়, মুনাফা ও কর্ম দক্ষতা নির্ণয় যেমনি সহজ হয়, তেমনি বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় সাধন করাও অধিকতর সহজ হয়। একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সামগ্রিক লাভ-ক্ষতি সহজে নির্ণয় করা গেলেও, কোনো পণ্যে কতটুকু লাভ বা ক্ষতি হলো; কোনো বিভাগ কতটুকু দক্ষতা অর্জন করলো কিংবা ব্যর্থ হলো তা সামগ্রিক হিসাব থেকে সহজে জানা সম্ভব হয়না। তাই বিভাগীয় হিসাবের ধারণা সৃষ্টি হয়েছে। যখন কোনো প্রতিষ্ঠান তাদের একাধিক পণ্যের ব্যাপক বাজার সৃষ্টি এবং পৃথক ফলাফল নির্ধারণের লক্ষ্যে সবগুলো পণ্যকে একটি নির্দিষ্ট জায়গায় বা গৃহের বিভিন্ন অংশে রেখে পৃথক পৃথক পরিচালনার আওতায় ভোক্তাদের নিকট পণ্য বিক্রয় করে, তখন তাকে বিভাগীয় প্রতিষ্ঠান বলে। আর এ বিভাগীয় প্রতিষ্ঠান কর্তৃক তাদের প্রত্যেকটি পণ্যের জন্য আলাদা ভাবে মোট বা নিট লাভ বা ক্ষতি নির্ণয় করে সামগ্রিক আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণকে বিভাগীয় হিসাব বলে। মোট কথা হলো, বিভাগীয় প্রতিষ্ঠানের প্রতিটি বিভাগের পরিচালনা দক্ষতা এবং অর্জিত মুনাফার পরিমাণ জানার জন্য পৃথকভাবে প্রতিটি বিভাগের জন্য যে মুনাফা সংক্রান্ত হিসাব প্রস্তুত করা হয় তাকে বিভাগীয় হিসাব বলে।

বিভাগীয় হিসাবের বৈশিষ্ট্য

Features of departmental accounts

বড় প্রতিষ্ঠানের কার্য পরিধি বেশ বিস্তৃত। তাই তাদের কাজের সুবিধার্থে বা সহজ ভাবে সম্পন্ন করার লক্ষ্যে তাদেরকে বিভিন্ন বিভাগে বিভক্ত করে। এ বিভাগীয় প্রতিষ্ঠানের নানারকম বৈশিষ্ট্য রয়েছে, নিম্নে আলোচনা করা হলো :

- ১। যে সকল ব্যয়গুলো যৌথভাবে নির্বাহ করা হয়, সেগুলো বিভাগীয় হিসাব ব্যবস্থায় বিভাগ ভিত্তিক বন্টন করা হয়।
- ২। বিভাগীয় হিসাব ব্যবস্থার আওতায় ক্রয় ফেরত এবং বিক্রয় ফেরত রেজিস্টার পৃথকভাবে সংরক্ষণ করা হয়।
- ৩। বন্টন অযোগ্য ব্যয়সমূহ প্রতিষ্ঠানের সাধারণ লাভ-লোকসান হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়।
- ৪। বিভাগীয় হিসাব ব্যবস্থায় বিভাগভিত্তিক লাভ লোকসান হিসাব তৈরি করা হয়।
- ৫। বিভাগীয় হিসাব ব্যবস্থায় পৃথক ভাবে বিবরণী তৈরি করে প্রত্যেক বিভাগের আলাদা কার্য দক্ষতা যাচাই করা হয়।
- ৬। বিভাগীয় হিসাব ব্যবস্থায় আন্তঃলেনদেনসমূহ হিসাবভুক্ত করা হয়।
- ৭। প্রতিটি বিভাগের পণ্যের লাভজনকতা আলাদাভাবে নির্ণয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।
- ৮। এ ব্যবস্থায় বিভিন্ন স্টল বা পণ্যভিত্তিক বিভাগের নিয়ন্ত্রণ ও পরিচালনার জন্য একজন করে ব্যবস্থাপক থাকে।



সারসংক্ষেপ:

বিভাগীয় প্রতিষ্ঠান কর্তৃক তাদের প্রত্যেকটি পণ্যের জন্য আলাদা ভাবে মোট বা নিট লাভ-ক্ষতি নির্ণয় করে সামগ্রিক আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণকে বিভাগীয় হিসাব বলে। পৃথক ভাবে প্রতিষ্ঠানের বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা যাচাই করার লক্ষ্যে এবং প্রত্যেকের আলাদা লাভ-লোকসান এর পরিমাণ নির্ণয় করার সুবিধার্থে বিভাগীয় হিসাব সংরক্ষণ করা হয়।

পাঠ-৭.২

বিভাগীয় হিসাব তৈরির সুবিধা ও অসুবিধা

Advantages and Disadvantages of Departmental Accounts



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- বিভাগীয় হিসাব তৈরির সুবিধাগুলো বলতে পারবেন।
- বিভাগীয় হিসাব তৈরির অসুবিধাগুলো বলতে পারবেন।



বিভাগীয় হিসাব তৈরির সুবিধা

Advantages of departmental accounts

তুলনামূলক অধিক মুনাফা অর্জনকারী পণ্যগুলোর গুণ ও মান বজায় রাখতে এবং অপেক্ষাকৃত দুর্বল পণ্যগুলোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে বিভাগীয় হিসাব তৈরির কোনো বিকল্প নেই। পৃথক ভাবে প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের দক্ষতা যাচাই করা এবং প্রত্যেকের আলাদা লাভ-লোকসানের পরিমাণ নির্ণয় করার সুবিধার্থে বিভাগীয় হিসাব সংরক্ষণ করা হয়। নিম্নে বিভাগীয় হিসাবের সুবিধাসমূহ উল্লেখ করা হলো :

- ০১। বিভাগীয় লাভ-ক্ষতির বিশ্লেষণ : বিভাগীয় হিসাবের মাধ্যমে বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত ফলাফল বা লাভ-ক্ষতির মধ্যে তুলনামূলক বিশ্লেষণ করা যায়। ফলে, কোন্ বিভাগ কতটুকু লক্ষ্য অর্জন করতে সক্ষম হয়েছে তা বোঝা যায়।
- ০২। নিয়ন্ত্রণের সুবিধা : যেহেতু প্রত্যেকটি বিভাগ তাদের কার্যক্রমের হিসাব তথ্য পৃথক পৃথক ভাবে ব্যবস্থাপকের নিকট উপস্থাপন করেন, সেহেতু ব্যবস্থাপকের পক্ষে ব্যবসায় নিয়ন্ত্রণ করা সহজ হয়।
- ০৩। ভবিষ্যত কর্ম পদ্ধতি নির্ধারণ : বিভাগীয় হিসাবের মাধ্যমে পরিচালকমন্ডলী বিগত বছরের কার্যক্রমের সাথে চলতি বছরের কার্যক্রম তুলনা করে সহজেই ভবিষ্যত কর্ম পদ্ধতি নির্ধারণ করতে পারেন।
- ০৪। অপব্যবহার রোধ : বিভাগীয় হিসাবের মাধ্যমে পরিচালকমন্ডলী যেহেতু বিভাগগুলোর নিকট হতে পৃথক ভাবে বিস্তারিত হিসাব গ্রহণ করেন, সেহেতু কোনো বিভাগে কতটুকু পণ্য ব্যবহার, কতটুকু নষ্ট এবং কতটুকু অতিব্যবহার হয়েছে তা সহজে বোঝতে পারেন। ফলে, পণ্যের অপব্যবহার রোধ হয়।
- ০৫। আর্থিক ফলাফল তৈরি : কোনো প্রতিষ্ঠানের বিভাগভিত্তিক আয়-ব্যয় নির্ণয় করা থাকলে উক্ত প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের আর্থিক অবস্থা পৃথক ভাবে বোঝা যায়। কোনো বিভাগের কোনো ক্ষেত্রে দুর্বলতা আছে, তা সঠিক ভাবে নির্ণয় করা যায়।
- ০৬। নীতি গ্রহণের ক্ষেত্রে : বিভাগীয় হিসাব ব্যবস্থা প্রতিষ্ঠানের মালিক এবং পরিচালকবৃন্দকে নতুন পণ্যের সংযোজন বা পুরাতন পণ্যের বিয়োজনের নীতি প্রণয়নে বা নীতি গ্রহণে যথেষ্ট সহায়তা করে।
- ০৭। দক্ষতা যাচাই : বিভাগীয় হিসাবের মাধ্যমে প্রত্যেক বিভাগের কর্মচারী বা কর্মকর্তার কর্মদক্ষতা পৃথকভাবে যাচাই করা যায়।
- ০৮। মজুত নিয়ন্ত্রণ : পৃথক পণ্যের বিভাগভিত্তিক ব্যবসায় ও হিসাব সংরক্ষণ হওয়ার কারণে বিভিন্ন প্রকার পণ্যের মজুদ আলাদা ভাবে জানা যায়। ফলে মজুদ পণ্যের চুরি বা আত্মসাৎ হওয়ার সম্ভাবনা কম থাকে।
- ০৯। পূর্বাভাস দান : কোনো বিভাগে ক্ষতির সম্ভাবনা থাকলে বিভাগীয় হিসাবের মাধ্যমে পূর্বে তার আভাস পাওয়া যায় এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়।
- ১০। অপচয় রোধ : বিভাগীয় হিসাবের মাধ্যমে পণ্যের বিভাগ অনুযায়ী রেজিস্টার সংরক্ষণ করা হয় বিধায় পণ্যের অপচয় রোধ করা সম্ভব হয়।

বিভাগীয় হিসাবের অসুবিধা

Disadvantages of departmental accounts

নানাবিধ সুবিধার পাশাপাশি বিভাগীয় হিসাবের কিছু অসুবিধাও রয়েছে। নিম্নে অসুবিধাগুলো উল্লেখ করা হলো :

- ০১। **অলাভজনক বিভাগ** : ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ইচ্ছা থাকা সত্ত্বেও অলাভজনক বিভাগ বন্ধ করা সম্ভব হয়না, কারণ এতে প্রতিষ্ঠানের ক্রেতার সংখ্যা হ্রাস পাওয়ার সম্ভাবনা থাকে।
- ০২। **আয়-ব্যয় নির্ণয়ে জটিলতা** : বিভাগীয় হিসাব ব্যবস্থার ক্ষেত্রে প্রত্যেক বিভাগের পৃথক ভাবে আয় ব্যয় নির্ণয় করতে হয়। এক্ষেত্রে কিছু খরচ আছে যেগুলো স্ব-স্ব বিভাগে বণ্টন করার উপযুক্ত ভিত্তি পাওয়া যায় না।
- ০৩। **হিসাবরক্ষণ ব্যয় বহুল** : বিভাগীয় হিসাব তৈরি করতে গিয়ে হিসাবের পরিধি হয়ে যায় ব্যাপক, তাই এটা তুলনামূলক ব্যয়বহুল পদ্ধতি।
- ০৪। **ব্যবস্থাপনার ব্যয় বৃদ্ধি** : বিভাগীয় হিসাব ব্যবস্থায় ব্যবস্থাপক, কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা বেশি হওয়ার কারণে ব্যবস্থাপনীয় ব্যয় বৃদ্ধি পায়।
- ০৫। **আন্তঃবিভাগীয় লেনদেনে জটিলতা** : অনেক সময় বিভাগগুলো নিজ প্রয়োজনে নিজেদের মধ্যে পণ্য আদান প্রদান করে থাকে, যা হিসাবরক্ষণ প্রক্রিয়ায় জটিলতার সৃষ্টি করে।



সারসংক্ষেপ :

পৃথক ভাবে প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের দক্ষতা যাচাই করা এবং প্রত্যেকের আলাদা লাভ লোকসানের পরিমাণ নির্ণয় করার সুবিধার্থে বিভাগীয় হিসাব সংরক্ষণ করা হয়। বিভাগীয় হিসাব ব্যবস্থার ক্ষেত্রে প্রত্যেক বিভাগের পৃথক ভাবে আয় ব্যয় নির্ণয় করতে হয়। এক্ষেত্রে কিছু ব্যয় আছে যেগুলো স্ব-স্ব বিভাগে বণ্টন করার উপযুক্ত ভিত্তি পাওয়া যায় না।

পাঠ-৭.৩

শাখা প্রতিষ্ঠান এবং বিভাগীয় প্রতিষ্ঠানের মধ্যে পার্থক্য

Difference between the Branch and Departmental Organization



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- শাখা প্রতিষ্ঠান এবং বিভাগীয় প্রতিষ্ঠানের মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারবেন।



শাখা প্রতিষ্ঠান এবং বিভাগীয় প্রতিষ্ঠানের মধ্যে পার্থক্য

Difference between the branch and departmental organizations

যে প্রতিষ্ঠান একই জায়গাতে বা একই ছাদের নিচে পণ্যের ধরন অনুযায়ী আলাদাভাবে পণ্য সাজিয়ে রাখে এবং ক্রেতার সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম পরিচালনা করে, তাকে বিভাগীয় প্রতিষ্ঠান বলে। পক্ষান্তরে, বড় প্রতিষ্ঠানগুলো তাদের সেবার মান বৃদ্ধি করার জন্য দেশ-বিদেশে বিভিন্ন স্থানে বিক্রয় কেন্দ্র স্থাপন করে কারবার পরিচালনা করে থাকে, এ সব বিক্রয় কেন্দ্রকে শাখা বলা হয়। নিম্নে বিভাগ এবং শাখা প্রতিষ্ঠানের পার্থক্য উল্লেখ করা হলো:

পার্থক্যের ভিত্তি	শাখা প্রতিষ্ঠান	বিভাগীয় প্রতিষ্ঠান
১। পরিচিতি	হেড অফিস বা মূল বিক্রয় কেন্দ্র ছাড়াও অতিরিক্ত বিক্রয় কেন্দ্রের মাধ্যমে ব্যবসা পরিচালনাকারী প্রতিষ্ঠানকে শাখা প্রতিষ্ঠান বলে।	একই মালিকানায়, একই ছাদের নিচে, একই জাতীয় পণ্য একেক বিভাগে সাজিয়ে রাখার কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানকে বিভাগীয় প্রতিষ্ঠান বলে।
২। পণ্য	এখানে একই ধরনের পণ্যের কারবার বিভিন্ন শাখার মাধ্যমে পরিচালিত হয়।	এখানে একাধিক পণ্যের কারবার একই ছাদের নিচে বিভিন্ন বিভাগের মাধ্যমে পরিচালিত হয়।
৩। স্থান	দেশ বা বিদেশের বিভিন্ন স্থানে শাখা প্রতিষ্ঠান ব্যবসায় পরিচালিত হয়।	বিভাগীয় প্রতিষ্ঠান একই ঘরের মধ্যে বা একই ছাদের নিচে কার্যক্রম নির্বাহ করা হয়।
৪। লাভ-ক্ষতি নির্ণয়	এ ধরনের প্রতিষ্ঠানে পৃথক ভাবে লাভ ক্ষতি নির্ণয় করা জরুরি বা আবশ্যিক।	এ ধরনের প্রতিষ্ঠানে পৃথক ভাবে লাভ ক্ষতি নির্ণয় জরুরি বা আবশ্যিক নয়।
৫। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ	এখানে হেড অফিস সমস্ত শাখার নিয়ন্ত্রণকারী হিসেবে কাজ করে।	বিভাগীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে আলাদা করে কোনো নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ থাকে না।
৬। ক্রেতার ধরন	শহরের বা গ্রামের ক্রেতাদের জন্য শাখা প্রতিষ্ঠানের ব্যবস্থা করা হয়।	সাধারণত শহরের ক্রেতাদের জন্য বিভাগীয় প্রতিষ্ঠান ব্যবস্থা করা হয়।
৭। হিসাবরক্ষণ	শাখার ক্ষেত্রে পৃথক হিসাব ব্যবস্থা থাকে।	বিভাগের জন্য আলাদা হিসাব ব্যবস্থা না থাকলেও পৃথক আয় বিবরণী প্রস্তুত করা হয়।



সারসংক্ষেপ :

একই মালিকানায়, একই ছাদের নিচে, একই জাতীয় পণ্য একেক বিভাগে সাজিয়ে রাখার কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানকে বিভাগীয় প্রতিষ্ঠান বলে। অপরপক্ষে, হেড অফিস বা মূল বিক্রয়কেন্দ্র ছাড়াও অতিরিক্ত বিক্রয় কেন্দ্রকে শাখা প্রতিষ্ঠান বলে।

পাঠ-৭.৪

শাখা হিসাব এবং বিভাগীয় হিসাবের মধ্যে পার্থক্য

Difference between the Branch and Departmental accounts



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- শাখা হিসাব এবং বিভাগীয় হিসাবের মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারবেন।



শাখা হিসাব এবং বিভাগীয় হিসাবের মধ্যে পার্থক্য

Difference between the branch and departmental account

বৃহৎ কোনো প্রতিষ্ঠান অধিক বিক্রয়, অধিক মুনাফা, পণ্যের বাজার বৃদ্ধি, পণ্যের প্রচার ও প্রসার, ক্রেতাকে উত্তম সেবাদান, ইত্যাদি নিশ্চিত করণের জন্য দেশ বা বিদেশের বিভিন্ন স্থানে বিক্রয় কেন্দ্র বা ব্যবসায় কেন্দ্র স্থাপন করে ব্যবসায় পরিচালনা করে। এ সব বিক্রয় কেন্দ্রকে শাখা প্রতিষ্ঠান বলা হয়। আর এসব ক্ষেত্রে যেসব হিসাব সংরক্ষণ করা হয় তাকে শাখা হিসাব বলা হয়। যখন কোনো প্রতিষ্ঠান তাদের একাধিক পণ্যের ব্যাপক বাজার সৃষ্টি এবং পৃথক ফলাফল নির্ধারণের লক্ষ্যে সবগুলো পণ্যকে একটি নির্দিষ্ট জায়গায় বা গৃহে বিভিন্ন ভাগে বিভক্ত করে পৃথক পরিচালনার আওতায় ভোক্তাদের নিকট পণ্য বিক্রয়ের জন্য উপস্থাপন করে তখন তাকে বিভাগীয় প্রতিষ্ঠান বলে। আর এ বিভাগীয় প্রতিষ্ঠান কর্তৃক তাদের প্রত্যেকটি পণ্যের জন্য আলাদাভাবে মোট বা নিট লাভ-ক্ষতি নির্ণয় করে সামগ্রিক আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণকে বিভাগীয় হিসাব বলে। শাখা ও বিভাগের কার্যগত, উদ্দেশ্যগত ও পরিচালনাগত বৈশিষ্ট্যের ভিত্তিতে শাখা হিসাব ও বিভাগীয় হিসাবের মধ্যে নিম্নলিখিত পার্থক্যগুলো পরিলক্ষিত হয় :

পার্থক্যের ভিত্তি	শাখা হিসাব	বিভাগীয় হিসাব
১. সংজ্ঞা	বৃহৎ কোনো প্রতিষ্ঠান কর্তৃক শাখা প্রতিষ্ঠানের জন্য প্রস্তুতকৃত হিসাবকে শাখা হিসাব বলে।	বিভাগীয় প্রতিষ্ঠান কর্তৃক তাদের প্রত্যেকটি পণ্যের জন্য আলাদাভাবে মোট বা নিট লাভ-ক্ষতি নির্ণয় করে সামগ্রিক আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণকে বিভাগীয় হিসাব বলে।
২. হিসাবের রকম	শাখা অফিসের প্রকৃতি ও ধরন অনুযায়ী হিসাব পদ্ধতির বিভিন্নতা হতে পারে। এটিতে সাধারণত কলামভিত্তিক হিসাব না করে সমন্বিত হিসাব করা হয়।	সাধারণত: বিভাগীয় বিপণিগুলোর হিসাব পদ্ধতি একই হয়ে থাকে। প্রতিটি বিভাগে কলামভিত্তিক হিসাব করা হয়।
৩. পণ্যের ধরন	শাখা হিসাব সাধারণত একই পণ্যের হিসাব রাখে।	বিভাগীয় হিসাব বিভিন্ন পণ্যের জন্য হিসাব রাখে।
৪. হিসাবের ধরন	প্রধান অফিস বিভিন্ন শাখার ভিন্ন ভিন্ন হিসাব করে।	বিভাগীয় বিপণি বিভাগভিত্তিক হিসাব করে।
৫. হিসাবরক্ষণ কর্তৃপক্ষ	শাখা অফিস নিজস্ব হিসাব সংরক্ষণ করলেও প্রধান অফিস শাখা অফিসের হিসাব প্রস্তুত করে।	বিভাগীয় হিসাব বিভাগভিত্তিক হলেও একই পরিচালনা ও নিয়ন্ত্রণের অধীনে থাকে।

পার্থক্যের ভিত্তি	শাখা হিসাব	বিভাগীয় হিসাব
৬. লেনদেন নিষ্পত্তির সমস্যা	বৈদেশিক শাখার ক্ষেত্রে প্রধান অফিসের সাথে চূড়ান্ত লেনদেন নিষ্পত্তির সমস্যা দেখা দেয়।	বিভাগীয় হিসাব পদ্ধতিতে এমন কোনো সমস্যা দেখা দেয় না।
৭. ব্যয়ের ভিত্তি	শাখা অফিসের একক শাখার ব্যয় একক ভাবে সংগঠিত হয়। এখানে ব্যয় বণ্টনের প্রয়োজন হয় না।	বিভাগীয় হিসাব পদ্ধতিতে ব্যয় একক ভাবে কিংবা যৌথভাবেও সংগঠিত হয়। এখানে ব্যয় বণ্টনের প্রয়োজন হয়।
৮. হিসাবের সমন্বয়	স্বাধীন শাখার ক্ষেত্রে হিসাবকাল শেষে শাখা ও প্রধান অফিসের মধ্যে কিছু হিসাব সমন্বয় করতে হয়।	বিভাগীয় হিসাব পদ্ধতিতে এমন ধরনের কোনো সমন্বয় সাধনের প্রয়োজন হয় না।
৯. চূড়ান্ত হিসাব	শাখা হিসাব পদ্ধতিতে চূড়ান্ত হিসাব তৈরি করা হয়।	বিভাগীয় হিসাব পদ্ধতি ক্রয় বিক্রয় ও লাভ-লোকসান হিসাব পর্যন্ত প্রস্তুত করা হয়।
১০. হিসাবের যথার্থতা	শাখা হিসাব একটি পূর্ণাঙ্গ হিসাব ব্যবস্থা।	অনুমানের ভিত্তিতে আয়-ব্যয় বণ্টনের ফলে বিভাগীয় হিসাব ব্যবস্থায় কিছুটা অপূর্ণাঙ্গতা রয়ে যায়।



সারসংক্ষেপ:

শাখা প্রতিষ্ঠানের জন্য প্রস্তুতকৃত হিসাবকে শাখা হিসাব বলে। অন্য দিকে, প্রতিষ্ঠানের প্রতিটি বিভাগে রক্ষিত পৃথক পৃথক হিসাবকে বিভাগীয় হিসাব বলে।

পাঠ-৭.৫

বিভিন্ন বিভাগের মধ্যে আয় ও ব্যয় বণ্টনের ভিত্তি

Allocation of Income and Expenditures among Departments



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সাধারণ আয় ও ব্যয়গুলো, কোন্ ভিত্তিতে বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন হবে তা জানতে পারবেন।



বিভিন্ন বিভাগের মধ্যে আয় ও ব্যয় বণ্টনের ভিত্তি

Allocation of income and expenditures among departments

বিভাগীয় প্রতিষ্ঠানে এমন কিছু ব্যয় সংগঠিত হয় যা এক সাথে সকল বিভাগের জন্য ব্যয়িত হয়। এগুলোকে বিভাগভিত্তিক ভাগ করে দেখাতে হয়। যেমন : ক্রয় পরিবহন, বিক্রয় পরিবহন, মজুরি, আমদানি শুল্ক ইত্যাদি। আবার কিছু ব্যয় আছে যেগুলো সরাসরি বিভাগসমূহের জন্য ব্যয়িত না হয়ে সামগ্রিক প্রতিষ্ঠানের জন্য ব্যয়িত হয়। এগুলোকে বিভাগের মধ্যে ভাগ না করে সাধারণ লাভ-লোকসান হিসাবে দেখাতে হয়। বিভাগসমূহের আয় বলতে কেবলমাত্র বিভাগের বিক্রয়কেই বোঝানো হয়। অন্যান্য আয়গুলো হলো সামগ্রিক আয়। যাহোক, বিভাগীয় প্রতিষ্ঠানের সমস্ত ব্যয় সরাসরি বিভিন্ন বিভাগের হিসাবের মধ্যে হিসাব ভুক্ত করা যায় না। কিছু সাধারণ ব্যয় আছে, সে ব্যয়গুলো বিভিন্ন বিভাগের মধ্যে যুক্তিযুক্ত ভাবে বণ্টন করতে হয়। এ জন্য দরকার সঠিক বণ্টনের ভিত্তি। ব্যয় বণ্টনের ভিত্তি নিম্নে উল্লেখ করা হলো :

Sl. No.	Name of the Expenses	Basis of Allocation
01.	Expenses relating to Purchase : a. Carriage inward b. Import duty c. Purchase discounts d. Freight e. Cartage f. Wages g. Customs duty h. Other purchase expenses	Departmental net purchase ratio
02.	Expenses relating to Sales : a. Selling expenses b. Carriage outward c. Salesman commission d. Sales tax e. Advertising expenses f. Bad debts g. Discount allowed h. Export duty i. Salesman salaries j. Packing expenses k. Sales Managers salaries and other benefits l. Other sales expenses	Departmental sales ratio
03.	a. Rent, rate & taxes b. Air conditioning expenses c. Heating d. Repair & maintenance of buildings e. Fire insurance of building	Area or value of floor space occupied

Sl. No.	Name of the Expenses	Basis of Allocation
04.	Electricity expenses	Light points
05.	Salaries	Number of employees
06.	Insurance premium: a. Insurance on stock b. Insurance on building c. Group insurance premium d. Workman compensation insurance e. Fire insurance premium for properties	a. Cost price of stock b. Cost of building c. Direct wages d. Direct wages e. Value of assets
07.	Depreciation: a. Depreciation on buildings b. Depreciation of machineries & other assets	a. Floor space occupied b. Value of machinery
08.	a. Printing & stationery b. Postage & telegram	On the basis of amount uses
09.	a. Coal, water & Gas b. Power & Fuel c. Heat	Horse Power or Machine hour rate
10.	a. Labor welfare expense b. Amusement expenses c. Entertainment expenses	Number of employees
11.	Income Tax	Departmental net profit ratio

Note : বিভিন্ন গাণিতিক সমস্যায় বিভিন্ন বিভাগের মধ্যে খরচসমূহ বন্টনের অনুপাত সম্পর্কে কিছু উল্লেখ থাকে না, সে ক্ষেত্রে শিক্ষার্থীদের নিজস্ব জ্ঞান প্রয়োগ করে বন্টনের ভিত্তি নির্ধারণ করতে হবে এবং এ সম্পর্কে অবশ্যই প্রয়োজনীয় নোট বা টীকা দিতে হবে।



সারসংক্ষেপ:

বেতন বা মজুরি খরচ বিভাগে কর্মরত কর্মচারী সংখ্যার উপর ভিত্তি করে; কর্মচারীদের কল্যাণ খরচ কর্মচারীদের প্রদত্ত মজুরি অনুযায়ী; ভাড়া ও কর বিভিন্ন বিভাগের অবস্থানগত স্থান অনুযায়ী; বাতি সংক্রান্ত খরচ মিটার থাকলে, মিটার অনুযায়ী, মিটার না থাকলে ব্যবহৃত বাতি অনুযায়ী; উৎপাদন সংক্রান্ত বাতি খরচ বিভিন্ন বিভাগে ব্যবহৃত যন্ত্রপাতি অনুযায়ী; সম্পত্তির অগ্নি বিমার প্রিমিয়াম বিভিন্ন বিভাগের সম্পত্তির মূল্যের ভিত্তিতে; বিক্রয় খরচ বিভিন্ন বিভাগের নিট বিক্রয় অনুযায়ী বণ্টন করা হয়। ছাপা ও মনিহারি বিভাগভিত্তিক হিসাব রাখা হলে হিসাব অনুযায়ী, তবে হিসাব রাখা না থাকলে সাধারণ লাভ-ক্ষতির হিসাবে দেখানো ভালো। ঋণের সুদ, মূলধনের সুদ, ব্যাংক চার্জ ইত্যাদি বিভিন্ন বিভাগে সমান ভাগে অথবা সাধারণ আয় বিবরণীতে দেখানো হয়। তবে সকল ক্ষেত্রে শিক্ষার্থীগণকে টীকা বা নোট দিতে হবে।

পাঠ-৭.৬

গাণিতিক সমস্যাবলি ও সমাধান

Mathematical Problems and Solutions



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- বিভাগীয় হিসাবের বিভিন্ন রকমের গাণিতিক সমস্যাবলি সমাধান করতে পারবেন।



গাণিতিক সমস্যাবলি ও সমাধান

Mathematical problems and solutions

Example 01 : The following balances as on 31st December, 2018 has been taken from the books of Shamima Departmental Stores, which has two departments.

Particulars	Dept. X (Tk.)	Dept. Y (Tk.)	General (Tk.)
Opening inventory	30,200	18,400	
Purchases	2,51,000	192,000	
Purchases return	4,800	3,200	
Sales	4,18,000	3,52,000	
Sales return	6,200	4,900	
Salaries	50,000	41,000	
Travelling expenses	5,400	10,500	
Rent & taxes	12,000	4,000	
General expenses	1,700	1,500	
Account receivables			85,000
Account payables			80,000
Office equipment			1,50,000
Accumulated depreciation on office equipment			30,000
Delivery equipment			2,00,000
Accumulated depreciation on delivery equipment			40,000
Cash in hand			4,200
Capital			1,40,000

Adjustments:

- Closing inventory of Department X Tk. 40,000 and Department Y Tk. 31,000.
- Depreciation on office equipment 10% and delivery equipment 20%, which are allocated in Departments by their net sales ratio.

Requirements: On the basis of above information, prepare a Departmental Income Statement and Balance Sheet as on 31st December, 2018.

Solution :

Shamima Departmental Stores
Departmental Income Statement
For the year ended 31st December, 2018

Particulars	Dept. X	Dept. Y	Total (Tk.)	Particulars	Dept X	Dept. Y	Total (Tk.)
Opening inventory	30,200	18,400	48,600	Sales less return	4,11,800	3,47,100	7,58,900
Purchas less return	2,46,200	1,88,800	4,35,000	Closing Stock	40,000	31,000	71,000
Gross profit	1,75,400	1,70,900	3,46,300				
Total	4,51,800	3,78,100	8,29,900	Total	4,51,800	3,78,100	8,29,900
Salaries	50,000	41,000	91,000	Gross profit	1,75,400	1,70,900	3,46,300
Travelling expenses	5,400	10,500	15,900				
Rent and taxes	12,000	4,000	16,000				
General expenses	1,700	1,500	3,200				
Depreciation on office equipment	8,140	6,860	15,000				
Depreciation on delivery equipment	21,705	18,295	40,000				
Net income	76,455	88,745	1,65,200				
Total	1,75,400	1,70,900	3,46,300		1,75,400	1,70,900	3,46,300

Shamima Departmental Store
Balance Sheet
As at 31st December, 2018

Liabilities	Tk.	Assets	Tk.
Account payable	80,000	Cash in hand	4,200
Capital	1,40,000	Accounts receivables	85,000
Net profit	1,65,200	Closing inventory (40,000+31,000)	71,000
		Office equipment 1,50,000	
		Less: Depreciation (30,000 +15,000) 45,000	1,05,000
		Delivery equipment 2,00,000	
		Less: Depreciation (40,000 +40,000) 80,000	1,20,000
Total	3,85,200	Total	3,85,200

Example 02: Cumilla Ltd. has three production departments, named A, B, C and two service departments P and Q. Following figures are extracted from the records of the company.

Particulars	Tk.
Rent and taxes	10,000
Indirect wages	1,500
Depreciation on machineries	20,000
Lighting	600
Power	1,500
Sundries	20,000

Following information are also available:

	Total	A	B	C	P	Q
Floor space (Sq. meter)	10000	2,000	2,500	3,000	2,000	500
Light point	60	10	15	20	10	5
Direct wages (Tk.)	10,000	3,000	2,000	3,000	1,500	500
H. P of machineries	150	60	30	50	10	-
Values of machineries (Tk.)	2,50,000	60,000	80,000	1,00,000	5,000	5,000

Requirements: Calculate overhead distribution and total cost of the department separately.

Solution:

Cumilla Limited
Primary Overhead Distribution Sheet

Items of Expenses	Basis of Apportionment	Total (Tk.)	Production Department			Service Department	
			A (Tk.)	B (Tk.)	C (Tk.)	P (Tk.)	Q (Tk.)
Direct Wages	Actual	2,000	-	-	-	1,500	500
Rent & rates	Floor space 4:5:6:4:1	10,000	2,000	2,500	3,000	2,000	500
Indirect wages	Direct wages 6:4:6:3:1	1,500	450	300	450	225	75
Depreciation of machineries	Value of machine 12:16:20:1:1	20,000	4,800	6,400	8,000	400	400
Lighting	Light points 2:3:4:2:1	600	100	150	200	100	50
Power	HP of Machine 6:3:5:1	1,500	600	300	500	100	-
Sundries	Direct wages 6:4:6:3:1	20,000	6,000	4,000	6,000	3,000	1000
Total Overhead		55,600	13,950	13,650	18,150	7,325	2,525

Example 3 : The following balances are taken from the books of Arun Traders having two departments X & Y.

Debit balances	Tk.	Credit balances	Tk.
Opening stock : X	20,000	Sales: X	1,00,000
Y	25,000	Y	60,000
Carriage inwards	3,000	Transfer to X	5,000
Carriage outwards	5,000	Account Payables	20,000
Advertising	10,000	Capital	35,000
Salaries: X	6,000	Loan	30,000
Y	7,000		
General salaries	12,000		
Rent & rates	9,000		
Lighting expenses	900		
Fixtures	15,000		
Account receivables	20,000		
Bad debts	1,600		
Purchases: X	60,000		
Y	40,000		
Bank balance	6,500		
Bank interest	4,000		
Transfer from Y	5,000		
Total	<u>2,50,000</u>	Total	<u>2,50,000</u>

Additional information:

- i) Area occupied by the two Departments is in the ratio of 2:1.
- ii) General salaries are to be divided in the ratio 5:3.
- iii) Closing stocks are in department X Tk. 14,000 and Department Y Tk. 15,000
- iv) Depreciation on fixtures is 10% to be allocated in the ratio of the space occupied.

Requirements : You are required to prepare Profit & Loss Account and Balance Sheet of Arun Traders.

Solution :

Aurun Traders
Departmental Profit and Loss Account
For the year ended -----

Particulars	X (Tk.)	Y (Tk.)	Total (Tk.)	Particulars	X (Tk.)	Y (Tk.)	Total (Tk.)
Opening stock	20,000	25,000	45,000	Sales	1,00,000	60,000	1,60,000
Purchases	60,000	40,000	1,00,000	Transfer	-	5,000	5,000
Carriage inwards	1,800	1,200	3,000	Closing stock	14,000	15,000	29,000
Transfer	5,000	-	5,000				
Gross profit	27,200	13,800	41,000				
Total	1,14,000	80,000	1,94,000	Total	1,14,000	80,000	1,94,000
Salaries	6,000	7,000	13,000	Gross profit	27,200	13,800	41,000
Advertising	6,250	3,750	10,000				
General salaries	7,500	4,500	12,000				
Carriage outwards	3,125	1,875	5,000				
Rent	6,000	3,000	9,000				
Lighting	600	300	900				
Bad debts	1,000	600	1,600				
Dep. on fixtures	1,000	500	1,500				
Net profit	-	-	-	Net loss	(4,275)	(7,725)	(12,000)
Total	31,475	21,525	53,000	Total	31,475	21,525	53,000

Aurun Traders
Balance Sheet

Liabilities	Tk.	Assets	Tk.
Account payables	20,000	Bank balance	6,500
Loan	30,000	Fixtures Less: Dep. (15,000 - 1,500)	13,500
Capital {35,000 – (12,000 +4,000)}	19,000	Stock (X 14,000 + Y 15,000)	29,000
		Account Receivables	20,000
Total	69,000	Total	69,000

নোট : ব্যাংক সুদ সাধারণ খরচ বিধায় Departmental Profit and Loss Account এ না নিয়ে মোট ক্ষতিকে বৃদ্ধি করা হলো এবং মূলধন থেকে বাদ দিয়ে দেখানো হলো। বেতন, বিজ্ঞাপন, বিক্রয় পরিবহন এবং অনাদায়ি দেনা বিক্রয় অনুপাতে ভাগ করা হলো। ক্রয় পরিবহন ক্রয় অনুপাতে ভাগ করা হলো

Example 4 : From the following particulars of Mohin Machinery Enterprise, prepare Departmental Trading and Profit & Loss Account for the year ended 31st December, 2018 :

Purchase of new machine	Tk. 6,00,000
Purchase of old machine	3,00,000
Wages in workshop	25,000
Showroom wages	30,000
Salaries	20,000
Rent of showroom	6,000
Rent of workshop	3,000
Sundry expenses	90,000
Sale of new machine	8,00,000
Sale of old machine	6,00,000
Sundry receipts (Not appropriationable to the Departments)	30,000
Closing stocks:	
New machine	60,000
old machine	40,000

All expenses are to be divided between New and Old machine department in proportion of 3 : 2.

Solution :

Mohin Machinery Enterprise
Departmental Trading and Profit and Profit & Loss A/C
For the year ended 31st December, 2018

Dr.**Cr.**

Particulars	New Machine	Old Machine	Total (Tk.)	Particulars	New Machine	Old Machine	Total (Tk.)
Purchases	6,00,000	3,00,000	9,00,000	Sales	8,00,000	6,00,000	14,00,000
Wages in workshop	15,000	10,000	25,000	Closing stock	60,000	40,000	1,00,000
Rent of workshop	1,800	1,200	3,000				
Gross profit c/d	2,43,200	3,28,800	5,72,000				
	8,60,000	6,40,000	15,00,000		8,60,000	6,40,000	15,00,000
Salaries	12,000	8,000	20,000	Gross Profit b/d	2,43,200	3,28,800	5,72,000
Rent of showroom	3,600	2,400	6,000				
Wages of showroom	18,000	12,000	30,000				
Sundry expenses	54,000	36,000	90,000				
Net Profit (Departmental)	1,55,600	2,70,400	4,26,000				
	2,43,200	3,28,800	5,72,000		2,43,200	3,28,800	5,72,000
Net Profit			4,56,000	Departmental Net Profits			4,26,000
			<u>4,56,000</u>	Sundry receipts			30,000
							<u>4,56,000</u>

Example 5 : Maheen Engineering has two Departments A & B. From the following figures prepare Departmental Trading, Profit and Loss Account and Balance Sheet.

Particulars	Tk.	Particulars	Tk.
Opening stock:		Capital	3000
A	1500	Loan	3000
B	2000	Transfer to A	500
Carriage inward	300	Sales:	
Carriage outward	500	A	10000
Advertisement	1000	B	6000
Salaries:		Sundry creditors	1500
A	600		
B	700		
General salaries	1200		
Rent	900		
Lighting	90		
Sundry debtors	2000		
Fixtures	1500		
Bad debts	160		
Purchases:			
A	6000		
B	4000		
Bank balance	650		
Bank interest	400		
Transfer from B	500		
Total	<u>24000</u>	Total	<u>24000</u>

Other Data :

- Area occupied by A & B in the ratio of 2:1.
- General salaries are to be divided in the ratio of 3:1.
- The closing stock were: A Tk. 1400 and B Tk. 1600;
- Depreciation of fixtures is 10%.

Solution :

**Maheen Engineering
Departmental Trading Account
For the year ended.....**

Particulars	A	B	Total (Tk.)	Particulars	A	B	Total (Tk.)
Opening stock	1500	2000	3500	Sales	10000	6000	16000
Purchase	6000	4000	10000	Transfer to A	--	500	500
Carriage inward	180	120	300	Closing stock	1400	1600	3000
Transfer from B	500	--	500				
Gross profit	3220	1980	5100				
Total	<u>11400</u>	<u>8100</u>	<u>19500</u>	Total	<u>11400</u>	<u>8100</u>	<u>19500</u>

**Maheen Engineering
Departmental Profit & Loss Account
For the year ended**

Particulars	A	B	Total	Particulars	A	B	Total
Salaries	600	700	1300	Gross profit	3220	1980	5100
Advertisement	625	375	1000				
General salaries	750	450	1200				
Carriage outward	312.5	187.5	500				
Rent	600	300	900				
Lighting	60	30	90				
Bad debts	100	60	160				
Dept. of fixtures	100	50	150				
Net profit	72.5			Net loss		172.5	100
Total	<u>3220</u>	<u>2152.5</u>	<u>5300</u>	Total	<u>3220</u>	<u>2152.5</u>	<u>5300</u>

**Maheen Engineering
General Profit & Loss Account
For the year ended.....**

Particulars	Tk.	Particulars	Tk.
Net loss	100	Net loss	500
Bank interest	400		
Total	<u>500</u>	Total	<u>500</u>

**Maheen Engineering
Balance Sheet**

As at.....

Liabilities	Tk.	Assets	Tk.
Sundry creditors	1500	Cash at bank	650
Loan	3000	Sundry debtors	2000
Capital	3000	Stock:	
(-) Net loss	<u>500</u>	A	1400
		B	1600
		Fixtures	1500
		(-) Depreciation	<u>150</u>
Total	<u>7000</u>	Total	<u>7000</u>

Example 6 : From the following balances of Usha Departmental Store, prepare a Departmental Trading Account, Profit and Loss Account and Balance Sheet.

Particulars	Tk.	Particulars	Tk.
Drawing	1516	Capital	31600
Opening stock:		Creditors	11200
X	18000	Sales:	
Y	7000	A	60000
Purchases:		B	20000
X	40000	Bills payable	2450
Y	17000	Bank overdraft	6000
Wages:			
X	6000		
Y	1300		
Freight:			
X	500		
Y	130		
Debtors	9600		
Furnitures	1000		
Bills receivable	2000		
Plant and Machineries	20000		
Salaries	2400		
Advertisement	480		
Commission	160		
Rent	1280		
Discount	200		
Printing and stationary	600		
Fuel and water	800		
Bad debts	264		
General expenses	720		
Cash in hand	300		
Total	<u>131250</u>	Total	<u>131250</u>

Other data :

- Provide 5% reserve for doubtful debt.
- Write off 10% depreciation on Plant and Machineries
- Wages due Tk. 300 (Dept. X), Tk. 140 (Dept. Y).
- Salaries outstanding Tk. 200.
- Closing stock, Dept. X 17000 and Dept. Y Tk. 6000.
- Goods of Dept. X costing Tk. 100 were used by Dept. Y.
- Dept. X occupied 70% of floor space.
- Employees proportion X:Y = 6:4
- 75% plant and machineries used by Department X
- General expenses to be distributed by sales ratio.

Working Notes :

- Salary distributed on 6:4 or 3:2 ratio (given).
- Advertisement, commission, discount, printing and stationary, bad debts, reserve for bad debts and general expenses to be distributed by sales ratio; 60000:20000 or 3:1.
- Rent distributed on Floor space 70:30 or 7:3
- Fuel & water, depreciation on machineries to be distributed on cost of machineries 75:25 or 3:1.

Usha Departmental Store
Departmental Trading Account
For the year ended

Particulars	X	Y	Total (Tk.)	Particulars	X	Y	Total (Tk.)
Opening stock	18000	7000	25000	Sales	60000	20000	80000
Purchase	40000	17000	57000	Transfer to Y	100	--	100
Wages with due	6300	1440	7740	Closing stock	17000	6000	23000
Freight	500	130	630				
Fuel and water	600	200	800				
Purchase from X	--	100	100				
Gross profit	11700	130	11830				
Total	<u>77100</u>	<u>26000</u>	<u>103100</u>	Total	<u>77100</u>	<u>26000</u>	<u>103100</u>

Usha Departmental Store
Departmental Profit & Loss Account
For the year ended.....

Particulars	X	Y	Total (Tk.)	Particulars	X	Y	Total (Tk.)
Salaries with due	1560	1040	2600	Gross profit	11700	130	11830
Advertisement	360	120	480				
Commission	120	40	160				
Rent	896	384	1280				
Discount	150	50	200				
Printing & Stationary	450	150	600				
Bad debts	198	66	264				
General expenses	540	180	720	Net loss	--	2520	--
Reserve for bad debts	360	120	480				
Dep. of Plant & M.	1500	500	2000				
Net profit	5566	--	3046				
Total	<u>11700</u>	<u>2650</u>	<u>11830</u>	Total	<u>11700</u>	<u>2650</u>	<u>11830</u>

Usha Departmental Store
Balance Sheet
As at.....

Liabilities	Tk.	Assets	Tk.
Capital	Tk. 31,600	Cash in hand	
(-) Drawing	<u>1516</u>	Debtors	9,600
	30,084	(-) Reserve for bad debts	<u>480</u>
(+) Profit	<u>3046</u>		9,120
	33,130	Furniture	1,000
Creditors	11,200	Bills receivable	2,000
Bills payable	2,450	Plant & Mach.	20,000
Bank overdraft	6,000	(-) Dep.	<u>2,000</u>
Outstanding:		Closing stocks:	
Salaries	200	X	17000
Wages	<u>440</u>	Y	<u>6000</u>
	640		23,000
Total	<u>53,420</u>	Total	<u>53,420</u>



সারসংক্ষেপ :

বিভাগীয় প্রতিষ্ঠানের প্রতিটি বিভাগের পরিচালনা দক্ষতা এবং অর্জিত মুনাফার পরিমাণ জানার জন্য পৃথকভাবে প্রতিটি বিভাগের জন্য লাভ-লোকসান বিবরণী প্রস্তুত করতে হয়।



- ১। বিভাগীয় হিসাবের সংজ্ঞা দিন। বিভাগীয় হিসাবের বৈশিষ্ট্যগুলো লিখুন। Define departmental account. Write the features of departmental accounts.
- ২। বিভাগীয় হিসাব তৈরির সুবিধাগুলো বর্ণনা করুন। Describe the advantages of departmental account.
- ২। বিভাগীয় হিসাব তৈরির অসুবিধাগুলো বর্ণনা করুন। Describe the disadvantages of departmental accounts.
- ৩। বিভাগীয় প্রতিষ্ঠান এবং শাখা প্রতিষ্ঠানের মধ্যে পার্থক্যগুলো কি কি? What are the differences between the branch and departmental organizations?
- ৪। শাখা হিসাব এবং বিভাগীয় হিসাবের মধ্যে পার্থক্যগুলো কী কী? What are the differences between the branch and departmental accounts?
- ৫। বিভিন্ন বিভাগের মধ্যে আয় ও ব্যয় বন্টনের ভিত্তিগুলো বর্ণনা করুন। Narrate the allocation basis of income and expenditure among departments.

6. Hazari Ltd. has three production departments XY&Z and two service departments P&Q. The following figures are extracted from the records of the company.

Particulars	Tk.	Particulars	Tk.
Rent and taxes	3500	Lighting	500
Indirect wages	1800	Power	2000
Depreciation on Machineries	12000	Sundries	8000

Following additional information are also available:

	Total	X	Y	Z	P	Q
Floor Space (Sq. meter)	10000	2000	2500	3000	2000	500
Light Point	60	10	15	20	10	5
Direct Wages (Tk.)	10000	3000	2000	3000	1500	500
H . P of machines	150	60	30	50	10	-
Values of Machineries (Tk.)	2,50,000	60,000	80,000	1,00,000	5000	5000

Requirement: Calculate overhead distribution and total cost of the department separately.

7. Kader and Company has three departments like Garments, Cosmetics and Medicine goods. The normal profit for three departments are 40%, 30% and 20% respectively on turnover before charging the direct expenses. The indirect expenses are charged in proportion to departmental turnover. The following particulars are also available.

Particulars	Garments (Tk.)	Cosmetics (Tk.)	Medicine (Tk.)
Stocks (01.01.2017)	1,40,000	1,20,000	80,000
Purchases	1,20,000	1,40,000	1,00,000
Sales	2,00,000	2,50,000	1,50,000
Direct expenses	45,000	40,000	15,000

Total indirect expenses for the six months ending on 30.06.2017 including those relating to other departments were Tk. 90,000 on the total turnover of Tk. 17,80,000.

Requirements: Calculate approximate net profit of each department making a stock reserve of 5% for each department on the estimated value of stocks on 30.06.2017.

8. There are two departments in a trading concern X and Y. The following information are available for the year ended 31st December, 2017.

Sales (ratio 11:10)	Tk.	6,60,000
Purchases (ratio 5:4)		3,80,000
Opening stock (ratio 5:3)		58,000
Closing stock (ratio 6:8)		67,200

Carriage inwards	1800	Rent and rates	18,000
Salaries and wages	37,000	Lighting	6,500
Postage	600	Store rent	6,000
Carriage outwards	800	Depreciation on furniture	5,000
Discount received	1,600	Legal expense	7,500
Interest on loan	5,400	Show room rent	4,000

The ratio of area occupied by the departments is 3:2. Number of bulbs 10 and 7, book value of furniture Tk. 25,000 and Tk. 20,000, the ratio of postal expenses is 5:4.

Requirement: Calculate the Departmental Profit and the Net Profit of the concern.

9. From the following information, prepare Departmental Trading and Profit & Loss Account :

<u>Particulars</u>		<u>Tk.</u>
Opening stocks :	x	2,15,000
	y	1,90,000
Purchases :	x	1,11,000
	y	85,800
Carriage inwards		2,100
Sales :	x	2,00,000
	y	1,60,000
Purchase returns	x	1,000
	y	800
Discount received		4,200
Salaries :	x	10,000
	y	8,000
General salaries		9,000
Rent & rates		5,000
Advertising		8,100
Insurance		900
General expenses		2,700
Discount allowed		5,400
Accounting charges		2,000

The following further information is supplied:

- Goods transferred from Department X to Department Y were Tk. 10,000. This has not yet been recorded.
- General salaries are to be allocated equally.
- The area occupied is in the ratio of 3 : 2.
- Insurance premium is for a comprehensive policy, allocation being inconvenient.
- The closing stock of the two departments were : X : Tk. 30,000; Y : Tk. 26,000.